# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

[اعرض هذه الوثيقة باللغة العربية](#) / [এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন](#) /
[查看本文件的中文版](#) / [Consultez ce document en français](#) / [Gade dokiman sa a an kreyòl ayisyen](#)/ [이 문서를 한국어로 보기](#) / [Consulte este documento en español](#) /
[Перевод документа на русский язык](#) / [یہ دستاویز اردو میں ملاحظہ کریں](#)

schools.nyc.gov/messagesforfamilies

## 10 সেপ্টেম্বর, 2021

**সোমবার, 13 সেপ্টেম্বর** - স্কুলের প্রথম দিন নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের ক্লাসরুমে স্বাগত জানাতে আমরা অধীর অপেক্ষায় আছি। অনুগ্রহ করে আসন্ন 2021-22 শিক্ষা বছরের গুরুত্বপূর্ণ তথ্যের জন্য অনুগ্রহ করে নিচে দেখুন এবং এই বিশেষ দিনটির জন্য আপনি ও আপনার সন্তান কীভাবে প্রস্তুতি গ্রহণ করতে পারেন সেবিষয়ে বাড়তি পরামর্শ পেতে পরিবারদের জন্য আমাদের ব্যাক টু স্কুল চেকলিস্টটি (schools.nyc.gov/checklist) দেখুন!

## বিষয়সূচি:


- প্রস্তুতি গ্রহণ
- কোভিড-19 (COVID-19) টিকাদান বা ভ্যাকসিনেশন এবং টেস্টিং
- আপনার সন্তানের স্কুলে


## প্রস্তুতি গ্রহণ

### স্বাস্থ্য যাচাইকরণে (হেলথ্ স্ক্রিনিং) টুল

প্রতিদিন স্কুলে প্রবেশের পূর্বে, প্রত্যেক শিক্ষার্থী ও স্টাফকে স্বাস্থ্য যাচাইকরণ (হেলথ্ স্ক্রিনিং) ফর্মটি পূরণ করে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তার কোনো কোভিড-19 (COVID-19) উপসর্গ নেই, পরীক্ষা বা টেস্টে সম্প্রতি পজিটিভ আসেনি, এবং কোনো সংক্রমিত ব্যক্তির কাছাকাছি আসার কারণে বর্তমানে কোয়ারেন্টাইন করা আবশ্যক নয়।

আপনার সন্তানকে প্রতিদিন স্কুলে প্রেরণ করার পূর্বে আপনি যেন দ্রুত ও সহজে ফর্মটি পূরণ করতে পারেন, সেজন্য আপনার ডিভাইসে healthscreening.schools.nyc -সাইটটি বুকমার্ক করতে আমরা সুপারিশ করছি।

স্মরণ রাখবেন, আপনার সন্তান যদি অসুস্থ হয়, তবে তাকে স্কুলে পাঠাবেন না! আমরা আপনার সন্তান এবং আমাদের স্কুল কমিউনিটিকে সুস্থ্য ও নিরাপদ রাখতে চাই, এবং আমাদের সকলকে অবশ্যই আমাদের অংশটুকু করতে হবে।

### নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্টের মাধ্যমে সংযুক্ত থাকুন

স্কুল বন্ধ এবং আপনার ডিস্ট্রিক্ট ও সিটিব্যাপী অনুষ্ঠিতব্য কার্যক্রম সহ আপনার স্কুল ও DOE থেকে সর্বসাম্প্রতিক গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তিগুলো সম্পর্কে অবগত থাকুন! একটি **নিউ ইয়র্ক সিটি স্কুলস্ অ্যাকাউন্ট** (NYCSA) দিয়ে, আপনি আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করতে পারবেন, অনলাইনে গুরুত্বপূর্ণ স্কুল ফর্মসমূহ পূরণ করতে পারবেন, আপনার সন্তানের গ্রেড, সময়সূচি, পরীক্ষার ফলাফল, নির্ধারিত পরিবহন, উপস্থিতি, এবং আরও অনেক কিছু দেখতে পাবেন। আরো জানুন: schools.nyc.gov/nycsa

### আপনার সন্তানের জন্য একটি হালনাগাদকৃত পরীক্ষা বা টেস্টিংয়ে সম্মতির ফর্ম জমা দিন

স্কুলের অভ্যন্তরে পরীক্ষা বা টেস্টিং কর্মসূচিতে আপনার সন্তান যেন অংশগ্রহণ করতে পারে সেজন্য আপনার সম্মতি প্রদান করা গুরুত্বপূর্ণ। আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA) ব্যবহার করে schoolsaccount.nyc -সাইটে আপনার সন্তানের হালনাগাদকৃত পরীক্ষা বা টেস্টিংয়ে সম্মতির ফর্ম জমা দিয়ে অথবা অনলাইনে schools.nyc.gov/covidtesting সাইট থেকে ডাউনলোড করে পূরণকৃত মুদ্রিত ফর্মটি আপনার সন্তানের স্কুলে জমা দিন।

পূর্ববর্তী শিক্ষা বছর জমা দেয়া পরীক্ষা বা টেস্টিংয়ে সম্মতির ফর্ম 30 সেপ্টেম্বর, 2021 মেয়াদোত্তীর্ণ হবে। যদি আপনি পূর্বে সম্মতি প্রদান করে থাকেন, তবে আপনার সন্তানকে স্কুলের অভ্যন্তরে পরীক্ষণ বা টেস্টিং কর্মসূচির অংশ হিসেবে পরীক্ষা করা হবে—কিন্তু, আপনার সন্তানের এই শিক্ষা বছরের বাকি অংশে পরীক্ষণ বা টেস্টিং কর্মসূচিতে অংশগ্রহণের জন্য, আপনাকে অবশ্যই একটি নতুন সম্মতি ফর্ম জমা দিতে হবে।

### পরিবারদের জন্য বাড়তি রিসোর্স

আপনি যখন স্কুলের প্রথমদিনের জন্য প্রস্তুতি গ্রহণ করছেন, তখন 2021-22 শিক্ষা বছরের জন্য সর্বসাম্প্রতিক তথ্য পেতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট: schools.nyc.gov/homecoming দেখুন।

এরপর কী? schools.nyc.gov/checklist -সাইটে, শিক্ষা বছরটি দৃঢ়ভাবে শুরু করার জন্য প্রস্তুতি গ্রহণে আপনি যেসব পদক্ষেপ নিতে পারেন তা সহ একটি **ব্যাক টু স্কুল চেকলিস্ট বা যাচাইতালিকা** পাবেন।

## কোভিড-19 (COVID-19) টিকাদান বা ভ্যাকসিনেশন এবং টেস্টিং

### টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন)

কোভিড-19 (COVID-19) থেকে আপনাকে ও আপনার পরিবারকে সুরক্ষা করতে টিকাদান বা ভ্যাকসিনেশন হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ। 12 এবং এরচেয়ে বেশী বয়সী সকল নিউ ইয়র্কবাসী এখন কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন দেয়ার যোগ্য।

NYC টেস্ট অ্যান্ড ট্রেইস কোর এবং ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)-এর সাথে অংশীদারিত্বে, সকল স্কুলে অবস্থিত টিকাকেন্দ্রগুলো 12 বছর বা অধিক বয়সী যোগ্য নিউ ইয়র্কবাসী শিক্ষার্থীদের স্কুলের প্রথম সপ্তাহে ফাইজার-বায়োনটেক (Pfizer-BioNTech)-এর টিকা বা ভ্যাকসিন অফার করছে (এবং অক্টোবরের শুরুর দিকে দ্বিতীয় ডোজ প্রদান করা হবে)। (দ্বিতীয় ডোজ অক্টোবরের শুরুতে দেয়া হবে।) এই টিকাকেন্দ্রগুলোতে কোনও অ্যাপয়েন্টমেন্ট প্রয়োজন নেই। টিকা কেন্দ্রের সময়সূচি সম্পর্কে আপনি আপনার স্কুল থেকে কিংবা schools.nyc.gov/covid19 সাইটে আরও জানতে পারবেন।

### উচ্চ ঝুঁকি-সম্পন্ন পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণকারী যোগ্য শিক্ষার্থীদের জন্য টিকা বা ভ্যাকসিনের শর্তাবলী

**পাবলিক স্কুলস অ্যাথলেটিক লিগ (PSAL)-এর টিকা বা ভ্যাকসিনেশন নীতি**

স্মরণ করিয়ে দিচ্ছি যে, আপনি কোভিড-19 (COVID-19)-এ সম্ভাব্য সক্রমণের উচ্চ-ঝুঁকিসম্পন্ন খেলাধুলায় পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ (PSAL)-এর যেসব DOE শিক্ষার্থী ও কর্মী অংশগ্রহণ করবে তাদের কোভিড-19 (COVID-19) টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন) **বাধ্যতামূলক**। উচ্চতর ঝুঁকিপূর্ণ খেলাধুলার মধ্যে রয়েছে ফুটবল, ভলিবল, বাস্কেটবল, কুস্তি (রেসলিং), লাক্রস, স্টান্ট এবং রাগবি। যদিও ব্যোলিং একটি উচ্চ-ঝুঁকিপূর্ণ খেলা নয়, এতে অংশগ্রহণের জন্য টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশন বাধ্যতামূলক, কারণ যেখানে এটা অনুষ্ঠিত হচ্ছে সেখানে টিকাগ্রহণ বাধ্যতামূলক।

যারা উচ্চতর ঝুঁকিপূর্ণ খেলাধুলায় অংশগ্রহণ করেন, তাদেরকে অবশ্যই প্রতিযোগিতামূলক খেলার প্রথম দিন - যা খেলাধুলা বিশেষের জন্য ভিন্ন হবে - কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিনের প্রথম ডোজ নিতে হবে। উইন্টার (শীত) ও স্প্রিং (বসন্ত) PSAL অংশগ্রহণকারীদের খেলার মৌসুম শুরু হওয়ার আগ পর্যন্ত পুর্ণাঙ্গরূপে টিকা বা ভ্যাকসিন গ্রহণ সম্পন্ন করার সময় আছে। 2021-22 শিক্ষা বছরে PSAL-এর স্বাস্থ্য ও সুরক্ষা জনিত নিয়ম-নীতি সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে schools.nyc.gov/PSAL দেখুন।

**পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য টিকা বা ভ্যাকসিনের শর্তাবলী**

সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC) এবং স্টেটের নির্দেশনার সাথে সামঞ্জস্য রেখে, এই বছর, 12 ও এরচেয়ে বেশী বয়সী শিক্ষার্থীরা, যারা সম্ভাব্য কোভিড-19 (COVID-19) সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ পাঠ্যক্রম বহির্ভূত আফটারস্কুল কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে তাদের জন্য কোভিড-19 (COVID-19) টিকাদান বা ভ্যাকসিনেশন বাধ্যতামূলক।

উচ্চ-ঝুঁকিপূর্ণ আফটারস্কুল কর্মকাণ্ডের মধ্যে রয়েছে:

- কোরাস
- মিউজিক্যাল থিয়েটার
- নৃত্য (ড্যান্স) / দলগত নৃত্য
- ব্যান্ড / অর্কেস্ট্রা / মার্চিং ব্যান্ড
- চিয়ারলিডিং / স্টেপ টিম / ফ্ল্যাগ টিম

এই কর্মকাণ্ডগুলোতে অংশগ্রহণ করা সংক্রান্ত বাড়তি তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

**ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর টিকাদান বা ভ্যাকসিনেশন পোর্টাল**

আপনি আপনার সন্তানের টিকাদান বা ভ্যাকসিনেশন কার্ড কিংবা NYC এক্সেলসিয়র পাস্ (Excelsior Pass)-এর ছবি vaccine.schools.nyc সাইটে অবস্থিত ভ্যাকসিন পোর্টালে আপলোড করতে পারেন। এই তথ্য জমাদান, নিউ ইয়র্ক সিটির বিশ্বব্যাপী মহামারী মোকাবেলা এবং নিরাময় প্রচেষ্টায় সহায়তা করবে, যা স্কুল কমিউনিটিকে সুস্থ ও নিরাপদ রাখা নিশ্চিত রাখতে সহায়তা করবে।

## স্কুলসমূহে কোভিড-19 (COVID-19) পরীক্ষণ বা টেস্টিং

পূর্ববর্তী শিক্ষা বছরে নেয়া নিরাপত্তামূলক পদক্ষেপসমূহ অব্যাহত রেখে, আমরা স্টাফ এবং প্রথম (1) থেকে দ্বাদশ (12) গ্রেডের শিক্ষার্থীদের নিয়মিত কোভিড (COVID) পরীক্ষা বা টেস্টিং করবো। এই পন্থার মাধ্যমে, যদি কোনও পজিটিভ কেইস পাওয়া যায় তবে স্কুল কমিউনিটিকে সুরক্ষিত রাখতে তাৎক্ষণিকভাবে পদক্ষেপ গ্রহণ করা যাবে। উপোরিল্লিখিত অনুযায়ী, আপনার সন্তানকে স্কুলের অভ্যন্তরে পরীক্ষণ বা টেস্টিং কর্মসূচিতে অংশগ্রহণ করতে, আপনার স্কুলে আপনার সন্তানের জন্য **একটি হালনাগাদকৃত পরীক্ষা বা টেস্টিংয়ে সম্মতির ফর্ম অবশ্যই জমা দিতে হবে।**

- আপনি আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA): schoolsaccount.nyc ব্যবহার করে ফর্মটি পূরণ করতে পারেন
- ফর্মটি অনলাইনে schools.nyc.gov/covidtesting সাইট থেকে ডাউনলোড করতে পারেন
- আপনার একটি NYC স্কুলস্ অ্যাকাউন্ট আছে কি? এ বিষয়ে schools.nyc.gov/NYCSA ওয়েবসাইটে আরও জানুন।

## আপনার সন্তানের স্কুলে

### দর্শনার্থীদের সুরক্ষা

**স্কুল দর্শনার্থীদের জন্য নিয়ম-নীতি**

সোমবার, 13 সেপ্টেম্বর থেকে, DOE স্কুল ভবনগুলোর সকল দর্শনার্থীদের কোনও জরুরী পরিস্থিতি ব্যতীত, কোনও ভবনে প্রবেশ করতে, কোভিড-19 (COVID-19) টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশনের (1 ডোজ) প্রমাণ প্রদান করা বাধ্যতামূলক। এই প্রমাণ কয়েকটি উপায়ে প্রদান করা যেতে পারে। বিল্ডিংয়ে প্রবেশ করতে, একজন দর্শনার্থীকে অবশ্যই:

- পরিচয়পত্র বা আইডেন্টিফিকেশন প্রদর্শন করতে হবে,
- টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশনের প্রমাণ থাকতে হবে,
- দৈনিক সুস্থতা যাচাইকরণ (হেলথ্ স্ক্রিনিং) ফর্মটি পূরণ করতে হবে, এবং
- একটি নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধান করতে হবে।

স্কুলের প্রথম দিন, 3K/প্রি-K পিতামাতাগণ, টিকাগ্রহণ বা ভ্যাকসিনেশনের কোনও প্রমাণ না দেখিয়ে তাদের ছেলেমেয়েদের ক্লাসরুমে নিয়ে যেতে পারবেন এবং কিছুক্ষণের জন্য তাদের সাথে থাকতে পারবেন। অন্য সকল আবশ্যকতা প্রযোজ্য হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/2021health দেখুন।

**প্যারেন্ট-টিচার কনফারেন্স**

2021-22 শিক্ষা বছরের প্রথম প্যারেন্ট টিচার কনফারেন্সসমূহ অনুষ্ঠিত হবে 2021-এর হেমন্তে (ফল-এ)। পূর্ববর্তী শিক্ষা বছরের মত, আমাদের স্কুল কমিউনিটির নিরাপত্তার জন্য, 2021–22 শিক্ষা বছরের সকল প্যারেন্ট টিচার কনফারেন্সসমূহ দূর থেকে বা রিমোটভাবে অনুষ্ঠিত হবে। আপনার সন্তানের স্কুল তাদের প্যারেন্ট টিচার কনফারেন্সের সুনির্দিষ্ট তারিখ ও সময় জানিয়ে যোগাযোগ করবে।

### নাক-মুখের আবরণসমূহ (মাস্ক)

আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ রাখার সবচেয়ে নিরাপদ কৌশলসমূহের একটি হচ্ছে নাক-মুখের আবরণ বা মাস্ক পরিধান। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ্ যেভাবে বাধ্যতামূলক করেছে, সেই অনুযায়ী সকল শিক্ষার্থী এবং স্টাফগণের স্কুলের বাসের অভ্যন্তরে এবং স্কুল সীমানা মাঝে ভবনের অভ্যন্তরে বা বাহিরে অবস্থান করার সময়, টিকাদান বা ভ্যাকসিনেশন স্ট্যাটাস যাই হোক না কেন একটি নাক-মুখের আবরণ বা মাস্ক পরিধান করতে হবে। যেসব শিক্ষার্থী স্বাস্থ্যগত কারণে মাস্ক সহ্য করতে অক্ষম, তাদের জন্য বিকল্প বিশেষ ব্যবস্থা করা হবে। আপনার শিক্ষার্থীকে প্রতিদিন স্কুলে একটি নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধান করতে স্মরণ করিয়ে দিতে আমাদের সহায়তা করার জন্য আমরা কৃতজ্ঞ। আপনার মাস্ক আনতে ভুলে গেছেন অথবা পরিবর্তন করা প্রয়োজন? আপনার সন্তানকে একটি প্রদান করা আমরা নিশ্চিত করবো!